

■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নামারঃ ৮১৩ [আন্তর্জাতিক নামারঃ ৮৫৫]

১০/ আযান (ক্রান্তি)

পরিচ্ছেদঃ ৫৫১. কাচা রসুন, পিয়াজ ও দুর্গন্ধ যুক্ত মশলা বা তরকারী।

بَابٌ مَا جَاءَ فِي الثُّومِ النَّيِّ وَالْبَصَلِ وَالْكُرَاثِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عُفَيْرٍ، قَالَ حَدَّثَنَا أَبْنُ وَهْبٍ، عَنْ يُونُسَ، عَنْ أَبْنِ شِهَابٍ، زَعَمَ عَطَاءُ أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، زَعَمَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "مَنْ أَكَلَ ثُومًا أَوْ بَصَلًا فَلَيَعْتَزِلْنَا - أَوْ قَالَ - فَلَيَعْتَزِلْ مَسْجِدَنَا، وَلَيَقْعُدْ فِي بَيْتِهِ". وَأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بِقِدْرٍ فِيهِ حَضِرَاتٌ مِنْ بُقُولٍ، فَوَجَدَ لَهَا رِيحًا فَسَأَلَ فَأَخْبَرَ بِمَا فِيهَا مِنَ الْبُقُولِ فَقَالَ "قَرِبُوهَا" إِلَى بَعْضِ أَصْحَابِهِ كَانَ مَعَهُ، فَلَمَّا رَأَهُ كَرِهَ أَكْلَهَا قَالَ "كُلْ فَإِنِّي أُنَاجِي مَنْ لَا تُنَاجِي".

وَقَالَ أَحْمَدُ بْنُ صَالِحٍ عَنْ أَبْنِ وَهْبٍ أُتِيَ بِبَدْرٍ. قَالَ أَبْنُ وَهْبٍ يَعْنِي طَبَقًا فِيهِ حُضِرَاتٌ. وَلَمْ يَذْكُرِ الْلَّيْثُ وَأَبُو صَفْوَانَ عَنْ يُونُسَ قِصَّةَ الْقِدْرِ، فَلَا أَدْرِي هُوَ مِنْ قَوْلِ الزُّهْرِيِّ أَوْ فِي الْحَدِيثِ.

বাংলা

৮১৩। সায়ীদ ইবনু উফাইর (রহঃ) ... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি রসুন অথবা পিয়াজ খায় সে যেন আমাদের থেকে দূরে থাকে অথবা বলেছেন, সে যেন আমাদের মসজিদ থেকে দূরে থাকে আর নিজ ঘরে বসে থাকে। (উক্ত সনদে আরও বর্ণিত আছে যে,) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে একটি পাত্র যার মধ্যে শাক-সবজী ছিল আনা হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গন্ধ পেলেন এবং এ বাপারে জিজাসা করলেন, তখন তাঁকে সে পাত্রে রক্ষিত শাক-সবজী সম্পর্কে অবহিত করা হল, তখন একজন সাহাবী আবু আইয়ুব (রাঃ) কে উদ্দেশ্য করে বললেন, তাঁর কাছে এগুলো পৌঁছিয়ে দাও। কিন্তু তিনি তা থেতে অপছন্দ মনে করলেন, এ দেখে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি খাও। আমি যার সাথে গোপন আলাপ করি তাঁর সাথে তুমি আলাপ কর না (ফিরিশতার সাথে আমার আলাপ হয় তাঁরা দুর্গন্ধ অপছন্দ করেন)।

আহমাদ ইবনু সালিহ (রহঃ) ইবনু ওয়াহব (রহঃ) থেকে বলেছেন, **أَتَيَ بِبَدْرٍ** ইবনু ওয়াহব-এর অর্থ বলেছেন, খাপ্ত যার মধ্যে শাক-সবজী ছিল। আর লায়স ও আবু সাফওয়ান (রহঃ) ইউনুস (রহঃ) থেকে রিওগ্রায়াত বর্ণনায় ক্ষেত্র এর বর্ণনা উল্লেখ করেননি।

(ইমাম বুখারি (রহঃ) বলেন) এর বর্ণনা যুহরী (রহঃ) এর উক্তি, না হাদীসের অংশ তা আমি বলতে পারছি না।

English

Narrated Jabir bin `Abdullah:

The Prophet (s) said, "Whoever eats garlic or onion should keep away from our mosque or should remain in his house." (Jabir bin `Abdullah, in another narration said, "Once a big pot containing cooked vegetables was brought. On finding unpleasant smell coming from it, the Prophet (s) asked, 'What is in it?' He was told all the names of the vegetables that were in it. The Prophet (s) ordered that it should be brought near to some of his companions who were with him. When the Prophet (s) saw it he disliked to eat it and said, 'Eat. (I don't eat) for I converse with those whom you don't converse with (i.e. the angels)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=820>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন